আইনশৃঙ্খলা অবনতির চেষ্টা প্রতিহত করা হবে: চিফ হুইপ



চিফ হুইপ নুরুল ইসলাম মনি। ছবি: সংগৃহীত

দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটানোর সুযোগ কাউকে দেওয়া হবে না বলে মন্তব্য করেছেন জাতীয় সংসদের চিফ হুইপ নূরুল ইসলাম মনি। সরকার শক্ত অবস্থানে রয়েছে উল্লেখ করে তিনি বলেন, সরকারকে দুর্বল ভাবার কোনো সুযোগ নেই।

বুধবার (৩০ সেপ্টেম্বর) সকালে প্রয়াত রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সমাধিতে ওলামা দলকে সঙ্গে নিয়ে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি এসব কথা বলেন।

চিফ হুইপ বলেন, আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নে প্রয়োজনীয় সব ধরনের পদক্ষেপ নেওয়া হবে। তার অভিযোগ, যে দেশে হাদির খুনিরা আশ্রয় পেয়েছে, সেখানে একটি পক্ষ আইনশৃঙ্খলা পরিস্থিতিকে দুর্বল করার চেষ্টা করছে।

সংবিধান সংশোধনের বিষয়ে নূরুল ইসলাম মনি বলেন, এ নিয়ে সংশ্লিষ্ট সব পক্ষের সঙ্গে আলোচনা করা হচ্ছে।

এ সময় তিনি জানান, খতিব ও পুরোহিতদের জন্য সরকার ভাতার ব্যবস্থা করেছে। বিএনপি তাদের মূল্যবোধ এগিয়ে নিতে প্রয়োজনীয় কাজ করছে বলেও মন্তব্য করেন তিনি।